## বাদামী গাছফড়িং

বাদামী গাছ ফড়িং খুবই ছোট আকারের পোকা প্রায় ৪ মিঃ মিঃ লম্বা ও বাদামী রঙের হয়। পূর্ণ বয়স্ক স্ত্রী ফড়িং পাতার খোল,পাতা ও পাতার মধ্য শিরার ভিতরে ডিম পাড়ে। ৭-৯ দিনের মধ্যে ডিম থেকে বাচ্চা (নিম্ফ) বের হয়। এক জোড়া পোকা ৩-৪ প্রজন্মে প্রায় ৩৫ লক্ষ পোকার জন্ম দেয় এবং ৫০ মাইল পথ অতিক্রম করতে পারে। এই পোকা শরীরের ওজনের তুলনায় ১০-১২ গুন বেশী খায়। কাইচথোর বের হওয়ার শুরু থেকে আক্রমণ বেড়ে যায়।





**অনুকূল পরিবেশঃ** অধিক দাড়ানো পানি, ছায়াযুক্ত স্যাতস্যাতে স্থান, আলো বাতাস কম চলে এমন ফসলি জমি, ঘন করে চারা লাগানো, মাত্রাতিরিক্ত ইউরিয়া সারের ব্যবহার বা ইউরিয়া প্রথম ডোজে বেশি প্রয়োগ করা, মেঘলা আবহাওয়া, গুড়ি গুড়ি বৃষ্টি।

### দমন ব্যবস্থাপনাঃ

১) জমির আইল পরিস্কার রাখা, সঠিক দুরত্বে (সারি থেকে সারি ২০-২৫ সেমি ও গুছি থেকে গুছি ১৫-২০ সেমি ) লাইনে চারা রোপন করতে হবে।
২) চারা রোপনের সময় ১০ লাইন পরপর ১ লাইন ফাঁকা রাখতে হবে।
৩) পোকা আক্রান্ত জমির পানি সরিয়ে দিয়ে ৭-৮ দিন জমি শুকনা রাখতে হবে।
৪) ইউরিয়া সার ধাপে ধাপে ব্যবহার করতে হবে।
৫) আলোক ফাঁদ ব্যবহার করতে হবে।
৬) আক্রান্ত জমিতে ২-৩ হাত দূরে দূরে বিলিকেটে সুর্যের আলো ও বাতাস চলাচলের ব্যবস্থা করতে হবে।
৭) জমিতে হাঁস ও হাঁসের বাচ্চা ছেড়ে পোকা খাওয়ার ব্যবস্থা করতে হবে।

অধিকাংশ গোছাতে ৪টি গর্ভবতী স্ত্রী পোকা এবং ৮-১০ টি নিম্ফ পরিলক্ষিত হলে নিম্নে উল্লিখিত যে কোন একটি রাসায়নিক ব্যবস্থায় গাছের গোড়ার দিকে ভালো ভাবে ভিজিয়ে অনুমোদিত মাত্রায় স্প্রে করতে হবে।

| কীটনাশক | | প্রয়োগমাত্রা |
|---|---|---|
| জেনেরিক নাম | ব্রান্ড নাম | |
| নিতেনপাইরাম ২০%+পাইমেট্রোজিন ৬০% | আম্ফান ৮০ ডব্লিউজি/ তরিৎ ৮০ ডব্লিউডিজি/রাইজিন ৮০ ডব্লিউজি/ওয়ার্ল্ড জিন ৮০ ডব্লিউডিজি/দাপট ৮০ ডব্লিউডিজি | ০.৫ গ্রাম/লিটার পানিতে স্প্রে (১৬ লিটার পানিতে ৮ গ্রাম) |
| ট্রাইফ্লুমেজোপাইরিম ২০% | পেক্সালন ১০ এসসি | ০.৪গ্রাম/লিটার পানিতে স্প্রে (১৬ লিটার পানিতে ৮ মিলি) |

বিশেষ দ্রষ্টব্যঃ প্রতি শতকের জন্য ২ লিটার পানি ব্যবহার করুন

প্রয়োজনে যোগাযোগ করুনঃ ০১৭২২৪৬০৬৩৫/০১৭১৮৪১৪৭৪০

প্রচারেঃ **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরপুর, বগুড়া।**